



1277 - রমযান মাসে কোন মুসলমি যদি এক দেশে থেকে অন্য দেশে স্থানান্তরিত হয়

প্রশ্ন

যদি কোন মুসলমি রমযান মাসে এক দেশে থেকে অন্য দেশে স্থানান্তরিত হয়; যে দেশে দুটি ভিন্ন ভিন্ন দিনে রোযা রাখা শুরু করেছে সে ক্ষেত্রে তাকে কী করব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

কোন মুসলমি যদি কোন এলাকাবাসীকে রোযা অবস্থায় পান তাহলে তার উপর তাদের সাথে রোযা রাখা ফরয। কোননা এক্ষেত্রে আগন্তুক ব্যক্তির বধিান স্থানীয়দের অনুরূপ। কোননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেন: “রোযা হচ্ছে যেনি তোমরা সকলে রোযা রাখ। ঈদুল ফতির হচ্ছে যেনি তোমরা সকলে রোযা ভাঙ। আর ঈদুল আযহা হচ্ছে যেনি তোমরা সকলে কোরবানী কর।” [সুনানে আবু দাউদ, হাদিসটির সনদ ‘জায়যদি’। সুনানে আবু দাউদে ও অন্যান্য হাদিসের গ্রন্থে এ হাদিসের সমর্থনকারী আরও হাদিস রয়েছে]

ধরে নহি, এক ব্যক্তি যে দেশে রোযা রাখা শুরু করেছে সে দেশ থেকে অন্য দেশে স্থানান্তরিত হয়েছে; তাই এ ব্যক্তির রোযা অব্যাহত রাখা ও ঈদ করার ক্ষেত্রে তাকে যে দেশে স্থানান্তরিত হয়েছে সে দেশবাসীর বধিান প্রযোজ্য। তিনি তাদের সাথেই ঈদ পালন করবেন; এমনকি ঐ দেশবাসী যদি তিনি যে দেশ থেকে এসেছেন সে দেশের আগের ঈদ পালন করে সক্ষেত্রেও। তবে, এক্ষেত্রে তার রোযা যদি ২৯টি পূর্ণ না হয় তাহলে একদিনের রোযা কাযা করা তার উপর আবশ্যক হবে। কোননা কোন মাসের দিন সংখ্যা ২৯ এর কম হয় না।